

‘এবং মজুয়া’ - বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C. CARE List) অনুমোদিত

তালিকার অন্তর্ভুক্ত। ২০২০ সালে প্রকাশিত ৮৬ পৃ

তালিকার ৬০ পৃ এবং ৮৪ পৃ উল্লেখিত।

এবং মজুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩ তম বর্ষ, ১৩২ সংখ্যা, এপ্রিল, ২০২১

সম্পাদক

ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন

গোনকুয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

‘এবং মহুয়া’ -বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (UGC-CARE)
অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত।
২০২০সালে প্রকাশিত ৮৬পৃ.তালিকার ৬০ পৃ.এবং ৮৪পৃ.উল্লেখিত।

এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩তম বর্ষ, ১৩২ সংখ্যা

এপ্রিল, ২০২১

সম্পাদক

ড. মদনমোহন বেরা

সহসম্পাদক

পায়েল দাস বেরা

মৌমিতা দত্ত বেরা

যোগাযোগ :

ড. মদনমোহন বেরা, সম্পাদক।

গোলকুঁয়াচক, পোস্ট-মেদিনীপুর, ৭২১১০১, জেলা-প.মেদিনীপুর, প.বঙ্গ।

মো.-৯১৫৩১৭৭৬৫৩

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ।

U.G.C.- CARE List approved journal, Indian Language-Arts
and Humanities Group, out of 86 pages placed in Page 60 &
84.

EBONG MAHUA

**Bengali Language, Literature, Research and Referred with
Peer-Review Journal**

23th Year, 132 Volume

April, 2021

Published By

K.K.Prakashan

Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.

DTP and Printed By

K.K.Prakashan

Cover Designed By

Kohinoorkanti Bera

Special Editorial Co-ordinator

Amit Kumar Maity

Communication :

Dr. Madanmohan Bera, Editor.

Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.

Mob.-9153177653

Email- madanmohanbera51@gmail.com /

kohinoor bera @ gmail.com

Rs 500

৩৩. অতিমারি পর্বে অনলাইন শিক্ষা : অন্তরায় ও উত্তরণ :: অরুমিতা দে.....	২৪১
৩৪. সন্তোষকুমার ঘোষের 'রেণু, তোমার মন' : নারী মনস্তত্ত্বের অনন্য আখ্যান :: সুব্রত পাল.....	২৪৬
৩৫. নদীয়া জেলার ঐতিহাসিক পটভূমি :: সুশেন্দু বিশ্বাস.....	২৫৩
৩৬. ঊনবিংশ শতাব্দীর বাংলার নারী মুক্তির এক মহীয়সীর জীবনেতিহাস : সরোজনলিনী দত্ত :: ঐন্দ্রিলা মিত্র.....	২৬২
৩৭. মুর্শিদাবাদের দুই অনন্যা নারীর সামাজিক অবদান :: সুমিত দাস.....	২৬৮
৩৮. মধুসূদন দত্তের 'বুড়ো শালিকের ঘাড়ে রৌ' : প্রসঙ্গ সামাজিক ব্যাধি ও ব্যভিচার :: দেবাশিস সরদার.....	২৭৭
৩৯. প্রান্তজনের রুদ্ধসঙ্গীতের মুক্তিকামী মহাশ্বেতা :: পুণ্য বাস্তু.....	২৮৩
৪০. রবীন্দ্রনাথের 'বলাই' : গাছ-মানুষে, প্রকৃতিপ্রেমে :: ড. বিপ্লবকুমার মণ্ডল.....	২৯৪
৪১. গিরিশচন্দ্রের নাট্যাদর্শ :: ড. গৌরাঙ্গ দত্তপাট.....	৩০২
৪২. বিধবাবিবাহ আন্দোলনের বিরোধিতা : সমাজে ও সাহিত্যে :: ড. জয়ন্ত কুমার মণ্ডল.....	৩১৪
৪৩. সংস্কার, উত্তরণ ও মুক্তি : একটি বিশ্লেষণ :: ড. কল্যাণ ব্যানার্জী.....	৩২৯
৪৪. মানিক বন্দ্যোপাধ্যায়ের লাজুকলতা ছোটোগল্পে দেশভাগের বহুমাত্রিক উপস্থাপনা :: ড. মৌসুমী নাথ.....	৩৩৯
৪৫. 'গড় শীখণ্ড' উপন্যাসের শ্রমজীবী মানুষ : একটি পর্যবেক্ষণ :: ড. মৃদুল ঘোষ.....	৩৫৬
৪৬. রবীন্দ্রমননে 'মেঘদূত' প্রসঙ্গ :: ড. প্রীতম রুজ.....	৩৬৩
৪৭. বাংলা নাট্যচর্চার পালাবদলে গণনাট্য সংঘ :: ড. পিয়ালী দাস.....	৩৬৯
৪৮. গান্ধীজীর গ্রামোন্নয়ন ও গ্রামীণ পুনর্গঠন ভাবনা : পর্যালোচনা :: ড. রুদ্র প্রসাদ রায়.....	৩৭৩
৪৯. পরশুরামের গল্পে সংলাপ : ভঙ্গি, অসংগতি ও কৌতুক :: ড. সখিতা বসু.....	৩৮২
৫০. লোকাল গভর্নমেন্ট থেকে লোকাল গভর্নেন্স: ভারতীয় প্রেক্ষিত :: ড. সৌমেন রায়.....	৩৯০
৫১. জাতীয় সংহতি ও খেলা :: ড. সুশান্ত সরকার.....	৩৯৮

সন্তোষকুমার ঘোষের 'রেণু, তোমার মন' : নারী

মনস্তত্ত্বের অনন্য আখ্যান

সুব্রত পাল

সারসংক্ষেপ :

'রেণু, তোমার মন' উপন্যাসটি সন্তোষকুমার ঘোষের নারী মনস্তত্ত্ব সম্পর্কিত চিন্তাভাবনার ফসল। রেণুর জীবনে ঘটে যাওয়া বিভিন্ন ঘটনা ও নানা ঘাত-প্রতিঘাতের অভিজ্ঞতা তার মানসিক গঠনকে দৃঢ় করেছে এবং উপন্যাসে তার মনস্তত্ত্ব বিশ্লেষণেই লেখক বিশেষ গুরুত্ব দিয়েছেন। সুধীশ তরুলতা নামে এক বারান্দা নারীর প্রতি প্রণয়াসক্ত এবং ক্রোধের বশে তাকে হত্যা করে। স্ত্রী হিসাবে স্বামীর এই অপরাধ ক্ষমার অযোগ্য বলেই মনে হয়েছে রেণুর এবং তার সাক্ষ্যদানের ওপর ভিত্তি করেই সুধীশের ফাঁসির আদেশ হয়। স্ত্রী হয়ে স্বামীর বিরুদ্ধে সাক্ষ্যদান— বিষয়টি খুব সাধারণভাবে মেনে নেওয়া কষ্টকর, তবে এর পেছনে রয়েছে রেনুর সত্য-মিথ্যা ন্যায়-অন্যায়বোধ। কিন্তু একজন নারী কী পরিমাণ আঘাতপ্রাপ্ত হলে স্বামীকে ফাঁসিকাঠের দিকে ঠেলে দিতে পারে— তা উপন্যাসে তুলে ধরা হয়েছে। তবে স্বামীর মৃত্যুর জন্য আমরা কোনওভাবেই রেণুকে দায়ী করতে পারি না, স্বামীর হত্যাপরাধই এর জন্য দায়ী। রেনু এক্ষেত্রে নিমিত্তমাত্র।

প্রতিপাদ্য বিষয় :

সন্তোষকুমার ঘোষের 'রেণু, তোমার মন' (১৯৫৯) উপন্যাসটি লেখকের নারী মনস্তত্ত্ব ভাবনার এক অনন্য নিদর্শন। প্রধান চরিত্র রেণুকে কেন্দ্র করে উপন্যাসিক মধ্যম পুরুষের উক্তিভেদে স্মৃতিচারণার মধ্য দিয়ে কাহিনিকে ব্যক্ত করেছেন, যা সেই সময়ের বিচারে অভিনব। প্রসঙ্গত উল্লেখ্য, একটি সাক্ষাৎকারে সন্তোষকুমার জানিয়েছেন—“'রেণু, তোমার মন' গল্পটা পড়েছ তো? এই গল্পে আমি আগাগোড়া সেকেন্ড পার্সনে গল্পটা বলেছি। এখানে গল্পের থেকে ফর্মটাই বড়। এই গল্পের আগে কেউ এভাবে গল্প বলেননি।” রেণু মামার বাড়িতে আশ্রিতা এবং চক্ষি-পঁচিশ বছরের সহজসরল শান্তস্বভাব বিশিষ্ট রমণী। কিন্তু জীবনে ঘটে যাওয়া বিভিন্ন ঘটনাবলি ও নানা অভিজ্ঞতা তার মানসিক গঠনকে একটি দৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করেছে।

রেণুর সাক্ষ্যদানে স্বামীর প্রাণদণ্ডের আদেশ হয়েছে। একজন নারী কী পরিমাণ আঘাতপ্রাপ্ত হলে নিজের স্বামীকে ফাঁসিকাঠের দিকে ঠেলে দিতে পারে? প্রসঙ্গত উল্লেখ্য রেণুর শৈশব থেকে বড় হয়ে ওঠার পথে বেশ কিছু ঘটনা ও চরিত্র তার মনের ওপর বিশেষ প্রভাব বিস্তার করেছে, যা তার মনস্তত্ত্ব বিশ্লেষণে গুরুত্বপূর্ণ।

এবং মহুয়া—এপ্রিল, ২০২১।।।